

প্রেস রিলিজ

তারিখঃ ২৩-১২-২০২০ খ্রিঃ

২৩-১২-২০২০ খ্রিঃ তারিখে বেলা ১১.৩০ ঘটিকায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব মোঃ আঃ রউফ, জনাব নাসরিন বেগম এবং পরিচালক জনাব মোঃ খালেদ আবু নাছের, উপসচিব জনাব মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঁঞা ও উপপরিচালক জনাব আনোয়ার-উল-হালিম গোপালগঞ্জ জেলার টুঞ্জিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ, ফাতিহা পাঠ ও দোয়া মোনাজাতে অংশগ্রহণ করেন। পরবর্তীতে দুপুর ০২:০০ ঘটিকায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং জেলা প্রশাসন, গোপালগঞ্জের সার্বিক সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা” শীর্ষক অবহিতকরণ সেমিনারে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করা হয়। উক্ত সেমিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, গোপালগঞ্জ জনাব শাহিদা সুলতানা। সেমিনারে আরো উপস্থিত ছিলেন কমিশনের সদস্যবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ, জনাব কাজী শহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জনাব আবু ইউসুফ মোঃ রেজাউর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জনাব মাহাবুব আলী খান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, গোপালগঞ্জ জেলা শাখা, জনাব কাজী লিয়াকত আলী, মেয়র, গোপালগঞ্জ পৌরসভা, ড. অরবিন্দ কুমার রায়, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জনাব মোঃ মোশাররফ হোসেন, সিনিয়র সহ সভাপতি, গোপালগঞ্জ চেম্বার অব কমার্স, জনাব সৈয়দ মিরাজুল ইসলাম, সেক্রেটারী, প্রেসক্লাবসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।